দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ 13 NOV 1988
পৃষ্ঠা 5 কলাম 7

212

## সোনারগাঁয়ে সরকারী কলেজ

নারায়ণগঞ্জ জেলার অন্তর্গত সোনারগাঁও উপজেলা একটি ঐতিহ্যবাহী উপজেলা। এই উপজেলায় শিক্ষার্থীর সংখ্যা উল্লেখযোগ্য। কিন্তু শিক্ষার্থীর তুলনায় এখানকার শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা খুবই নগণ্য। অত্যন্ত দুঃখের বিষয় এখানে, কোন সরকারী কলেজ নেই। সমগ্র উপজেলায় একটি মাত্র বেসরকারী কলেজ যা বিভিন্ন সমস্যায় জর্জরিত। প্রতিনিয়তই জনসংখ্যা বাড়ছে। কিন্তু সেই সাথে শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা বৃদ্ধি করা হচ্ছে না। ফলে, একটি মাত্র বেসরকারী কলেজে ছাত্র-ছাত্রীদের ভিড় বাড়ছে। উক্ত কলেজে ছাত্র-ছাত্রীর সংখ্যা এত বেশী যে, রীতিমত দাঁড়িয়ে ক্লাস করতে হয়। তাছাড়া মধ্যবিত্ত শ্রেণীর লোকদের পক্ষে ছেলেমেয়েদেরকে বাইরের ভাল কলেজে অধিক টাকা খরচ করে শিক্ষা প্রদান করা খুবই কষ্টকর। অতএব সোনারগাঁও উপজেলায় একটি সরকারী কলেজ প্রতিষ্ঠার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতি আবেদন জানাচ্ছি।

—মোঃ শফিকুল ইসলাম,
গ্রাম— নয়ামাটি,
পোঃ— আমিনপুর,
উপজেলা— সোনারগাঁও,
জেলা— নারায়ণগঞ্জ।